০১৬

# সভা নং-৩১৬

## বটিয়াঘাটা উপজেলা পরিষদের ফেব্রুয়ারি, ২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ আশরাফুল আলম খান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বটিয়াঘাটা, খুলনা ।

সভার তারিখ ঃ ১০/০২/২০২২ খ্রি. সকাল ১০.০০ টা

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ- পরিশিষ্ট-ক.

| ক্র. নং | দপ্তর/বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্হা/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১. | সভাপতি | সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসারসহ সকলকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২২ মাসের সভার কার্যক্রম শুরু করেন। <br> সভার শুরুতে জানুয়ারি,২০২২ মাসের সভার কার্যবিবরনী পাঠ করা হয়। <br> সভার সভাপতি মহোদয় বলেন, উপজেলার সর্ব শেষ ১টি ইউনিয়ন, ১নং জলমা ইউনিয়ন পরিষদ নির্বাচন পরবর্তী গেজেট প্রকাশিত ও শপথ অনুষ্ঠান শেষ হয়েছে। সে মোতাবেক ১নং জলমা ইউনিয়নের নবনির্বাচিত ইউপি চেয়ারম্যান আজ প্রথম সভায় যোগদান করেছেন। তিনি নবাগত ইউপি চেয়ারম্যানকে স্বাগত জানান এবং সকলের সাথে মিলেমিসে কাজ করার আহবান জানান। সরকারের উন্নয়নমূলক কাজে ইউপি চেয়ারম্যানকে সকল ধরনের সহোযোগীতা করা হবে বলে তিনি জানান। | জানুয়ারি,২০২২ মাসের সভার কার্যবিবরনী পাঠঅন্তে কোনো সংশোধনী না থাকায় কার্যবিবরনী দৃঢ়করন করা হয়। <br> ১নং জলমা ইউনিয়ন পরিষদের নব-নির্বাচিত ইউপি চেয়ারম্যানকে সকলের পক্ষ থেকে স্বাগত জানানো হয়। | উপস্থিত সকল সদস্য |
| ২. | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার বলেন, কোভিড-১৯ করোনা ভাইরাস মোকাবেলায় উপজেলা প্রশাসন সরকারি নির্দেশনা মোতাবেক নিয়মিত কাজ করে চলেছে। করোনার নতুন ভ্যারিয়েন্ট ওমিক্রন নিয়ে নির্দেশনা আসছে সে গুলি বাস্তবায়নে সকলকে সহযোগীতা করার জন্য অনুরোধ করেন। প্রয়োজনে বাইরে গেলে অবশ্যই মাস্ক পরতে হবে। | করোনা ভাইরাস প্রতিরোধে প্রয়োজনে কেউ বাইরে গেলে অবশ্যই মাস্ক ব্যবহারের পরামর্শ দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। জনসমাগম এড়িয়ে চলার জন্য সকলকে পরামর্শ দেওয়া হয়। | সকল সদস্যবৃন্দ |
| ৩. | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, তার দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলছে। কোভিড-১৯ করোনা ভাইরাস মোকাবেলায় উপজেলা প্রশাসনের সাথে উপজেলা স্বাস্থ্য বিভাগের সকল কর্মকর্তা কর্মচারী অক্লান্ত পরিশ্রম করে চলেছে। বিশেষ করে কথা বলার সময় মাস্ক পরতে হবে। তিনি বলেন, টিকা নিলেও তাকে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। টিকা দেওয়ার কার্যক্রম সুন্দরভাবে চলছে। ইতোমধ্যে ৪০৬ জনকে বুস্টার ডোজ দেওয়া হয়েছে। এছাড়া ১২ বছর থেকে ১৭বছর ৩৬৪দিনের সকল ছেলে-মেয়েদের ফাইজারের টিকা দেওয়ার কার্যক্রম চলছে। টিকাকার্যক্রমে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সার্বিক সহযোগীতা করছেন। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। <br> প্রয়োজনে কেউ বাইরে গেলে অবশ্যই মাস্ক ব্যবহারের পরামর্শ দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। জনসমাগম এড়িয়ে চলার জন্য সকলকে পরামর্শ দেওয়া হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা। |
| ৪. | উপজেলা | উপজেলা কৃষি অফিসার বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থবিধি | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে | উপজেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| | কৃষি বিভাগ | মেনে পরিচালনা করা হচ্ছে। | পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | কৃষি অফিসার |
| ৫. | উপজেলা পঃপঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা সভায় জানানো হয় যে, বটিয়াঘাটা উপজেলার মাঠ পর্যায়ে পরিবার পরিকল্পনা বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলছে। বিগত ডিসেম্বর/২০২১খ্রিঃ মাসের(৮৩.১৯%) তুলনায় জানুয়ারি/২০২২খ্রিঃ মাসে(৮৩.১২%) সেবা গ্রহীতার হার হ্রাস পেয়েছে। এ অগ্রগতির হার প্রজেকশন অনুযায়ী সন্তোষজনক। পরিবার পরিকল্পনা বিভাগের কাজের অগ্রগতির ধারা অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। বটিয়াঘাটা উপজেলার বিভিন্ন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসহ স্যাটেলাইট ক্লিনিকে সেবা প্রদানকারীদের দ্বারা বিগত জানুয়ারি/২০২২খ্রিঃ মাসে ২৯২টি গর্ভকালীন সেবা, ৯৯টি প্রসব পরবর্তী সেবা, ৭৫৩টি শিশু স্বাস্থ্য সেবা ও ২২৭৩টি সাধারণ রোগীর সেবা দেয়া হয়েছে। তাছাড়া জানুয়ারি/২০২২খ্রিঃ মাসে জলমা ইউনিয়নে ০-৭দিনের একটি শিশু অপুষ্টি জনিত কারণে মৃত্যু হয়েছে। গঙ্গারামপুর ইউনিয়নে স্বাভাবিক প্রসবের ১২দিন পর বাড়ীতে ষ্টোক জনিত কারণে ১ জন মায়ের মৃত্যু হয়েছে। জানুয়ারি/২০২১খ্রিঃ মাসে কৈশোরবান্ধব স্বাস্থ্যসেবা কর্ণার বটিয়াঘাটা স্বাস্থ্য কমপ্লেক্সে ৩০ জনকে এবং গঙ্গারামপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ৮৭ জনকে কৈশোরবান্ধব স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, আমিরপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রেটির নির্মাণ কাজ সমাপ্তির পথে উক্ত কেন্দ্রটির সীমানা প্রাচীর সম্পূর্ণ করার স্বার্থে পূর্ব পাশের সীমানা নির্ধারণ করা প্রয়োজন। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপ: পঃপঃ কর্মকর্তা |
| ৬. | সিনিয়র উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা সিঃ মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | সিনিঃউপঃ মৎস্য কর্মকর্তা |
| ৭. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, তার দপ্তরের একটি প্রদর্শনী মেলা আয়োজনের জন্য পত্র পাওয়া গিয়েছে। আগামী ১৬ ফেব্রুয়ারি স্বাস্থ্য বিধি মেনে পালন করা হবে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ৮. | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, কড়িয়া,ধাদুয়া, কে,বাইনতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ কয়েকটি স্কুলের সীমানা নির্ধারন নিয়ে বেশ জটিলতার সৃষ্টি হচ্ছে। সমস্যা নিরসনের জন্য তিনি সভাকে অনুরোধ করেন। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা। |
| ৯. | উপজেলা মা: শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি অনুসরণ করে স্বাভাবিক গতিতে চলছে। তিনি আরো বলেন, ১২ বছর থেকে ১৭বছর ৩৬৪ দিনের ৩৭টি শিক্ষা প্রতিষ্ঠানে সকল ছেলে-মেয়েদের ফাইজারের টিকা দেওয়ার | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা মাঃ শিক্ষা কর্মকর্তা। |

| | | | |
|---|---|---|---|
| | কার্যক্রম ০৮-১০ জানুয়ারি শেষ হয়েছে। সার্বক্ষনিক উপস্থিত থেকে বাচ্চাদের টিকা নিতে সহযোগীতা করছি। ০৯/০২/২০২২ খ্রি. তারিখ হতে ২য় ডোজ শুরু করেছি। টিকা কার্যক্রম সুন্দরভাবে চলছে। | | |
| ১০. উপজেলা যুব উন্নয়ন বিভাগ | সহঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার। |
| ১১. উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | সমাজসেবা কর্মকর্তা |
| ১২. উপজেলা মহিলা অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৩. উপজেলা প্রকৌঃ বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে।<br>তিনি বলেন, উপজেলা পরিষদ উন্নয়ন ও এডিবি তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের নিমিত্তে কয়েকটি কমিটি পাওয়া গিয়েছে তিনি কমিটিসমূহ সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন।<br>তিনি বলেন, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০১৮-১৯ অর্থবছরে অবকাঠামো উন্নয়ন মূলক উপ-প্রকল্প (INF-2018-19-404712-01) এর কাজ ইতোমধ্যে ঠিকাদার, মোঃ বদরুদ্দোজা বাবলু কর্তৃক সমাপ্ত হয়েছে এবং ঠিকাদার বিল প্রাপ্তির জন্য আবেদন করেছেন। প্রকল্পটির প্রাক্কলিত মূল্য ২২৪৮২৮৬/- ও চুক্তিমূল্য ২০২৩৪৫৭/- টাকা। উক্ত অবকাঠামো উন্নয়ন মূলক প্রকল্প এর বিল অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, ঢাকা বরাবর প্রেরণের পূর্বে অত্র সভায় অনুমোদন হওয়া আবশ্যক।<br>তিনি বলেন, ২০২১-২২ অর্থবৎসরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স রূপ ট্রেডার্স এর মাধ্যমে বাস্তবায়নাধীন জলমা ইউনিয়নের (ক) রাজবাঁধ পাকা রাস্তা হতে মোঃ সৈয়দ সিরাজ আলীর বাড়ি অভিমুখী ও মিহিরের বাড়ি হতে অশোকের বাড়ি অভিমুখে এবং মেইন রাস্তা হতে সঞ্জিতের বাড়ি অভিমুখী রাস্তায় (খ) নিজখামার মোড় সংলগ্ন ক্যাপ্টেন ষ্টার ফুড এর পূর্বপার্শ্বের বাম মান্দ্রা খালের পূর্ব পাড়ে (গ) হরিণটানা আশিবিঘা মজিবর রহমানের বাড়ি হতে কোবা মসজিদ অভিমুখী রাস্তায় (ঘ) মাথাভাঙ্গা গ্রামের (১) মধ্যপাড়া মোল্যা জামে মসজিদ রোড হতে রুস্তম এর বাড়ি অভিমুখী রাস্তায় (২) ওয়াপদা মেইন রোড হতে হোসাইন হাওলাদার এর বাড়ি অভিমুখী রাস্তায় (ঙ) মাথাভাঙ্গা গ্রামের ঢালীপাড়া থেকে ফেরদাউসের বাড়ি অভিমুখী ও ফাতেমার বাড়ি অভিমুখী রাস্তায় (ফয়েজ গলি) (চ) রাঙ্গেমারী মোঃ হেমায়েত ফরাজীর বাড়ি হতে আল-আকসা জামে | সভায় আলোচনা অন্তে প্রকল্প কমিটিসমূহ অনুমোদন করা হয়। পরিশিষ্ঠ-খ।<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০১৮-১৯ অর্থবছরে অবকাঠামো উন্নয়ন মূলক উপ-প্রকল্প (INF-2018-19-404712-01) এর কাজ সমাপ্ত হয়েছে এবং ঠিকাদার বিল প্রাপ্তির জন্য আবেদন করেছেন। প্রকল্পটির প্রাক্কলিত মূল্য ২২৪৮২৮৬/- ও চুক্তিমূল্য ২০২৩৪৫৭/- টাকা। উক্ত অবকাঠামো উন্নয়ন মূলক প্রকল্প এর বিল অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, ঢাকা বরাবর প্রেরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বিধিমত অত্র প্যাকেজের চুক্তিমূল্যের ১০% অতিরিক্ত অর্থের মধ্যে সীমাবদ্ধ থেকে সংশোধিত প্রাক্কলন প্রস্তুত পূর্বক নিযুক্ত একই ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে প্রকল্পকাজ | উপজেলা নির্বাহী অফিসার।<br>উপজেলা প্রকৌশলী।<br>সভাপতি, প্রকল্প কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মসজিদ হয়ে হুমায়ুনের বাড়ি অভিমুখী রাস্তায় ইটের সোলিং করণ (ই-টেন্ডার আইডি-৫৯৭৪৭৬) (প্যাকেজ কোড নং- e-Tender/ Khl/Bati/UDF/W1.001 ) প্রকল্পকাজ সরেজমিনে বাস্তবায়নকালে দেখা যায় প্যাকেজভূক্ত " নিজখামার মোড় সংলগ্ন ক্যাপ্টেন ষ্টার ফুড এর পূর্বপার্শ্বের বাম মান্দ্রা খালের পূর্ব পাড় রাস্তার"অনুমোদিত চুক্তিমূল্যে কাংখিত দৈর্ঘ্য সম্পন্ন না হয়ে কিছুটা অবশিষ্ট থাকে। অত্র রাস্তার সম্মুখস্থ আরো কিয়দংশ সম্পন্ন করা গেলে কাংখিত দৈর্ঘ্য সম্পন্ন হবে এবং জনগুরুত্ব রক্ষা পাবে। অতঃপর তিনি সভায় প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহনের আহবান জানান। | বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হ'ল। উপজেলা প্রকৌশলী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>বিধিমত অত্র প্যাকেজের চুক্তিমূল্যের ১০% অতিরিক্ত অর্থের মধ্যে সীমাবদ্ধ থেকে প্রয়োজনীয় দফা ও পরিমাণ সম্বলিত সংশোধিত প্রাক্কলন প্রস্তত পূর্বক নিযুক্ত একই ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে প্রকল্পকাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হ'ল। উপজেলা প্রকৌশলী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | |
| | | তিনি সভায় আরো জানান যে, ২০২১-২২ অর্থবৎসরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় ঠিকাদার জনাব আবুল কালাম আজাদ এর মাধ্যমে বাস্তবায়নাধীন জলমা ইউনিয়নের (ক) ইসলামবাঁগ (৬নং ওয়ার্ড) হাফিজ উদ্দিনের বাড়ি হতে আনছার আলীর বাড়ি অভিমুখী রাস্তায় (খ) খুলনা বিশ্ববিদ্যালয়ের সম্মুখস্থ তালুকদার সড়কের শেষাংশে উপজেলা নির্বাচন অফিসারের বাড়ি অভিমুখী রাস্তায় ইটের সোলিং করণ(গ) মুহাম্মাদনগর কাজী নজরুল ইসলাম সড়ক উন্নয়ন ও ড্রেন নির্মাণ (ঘ) (১) বাবরী মসজিদের উত্তরে গ্রীনভিউ আবাসিক এলাকার শেখ মোহাম্মাদ আলী মাষ্টারের বাড়ি হতে পশ্চিমদিকে লস্কর তৈয়েবুর রহমান (ওসি সাহেব) এর অভিমুখী রাস্তা (২) বাবরী মসজিদের পশ্চিম পার্শ্বে নায়েব কাজী আমিরুল ইসলাম এর বাড়ি হতে উত্তরে মাহমুদুল্লাহ'র বাড়ি অভিমুখী রাস্তা (৩) প্রান্তিকা আবাসিক এলাকার খালের দক্ষিণ পার্শ্ব হতে এফএমএ রশিদ এর বাড়ির সম্মুখ দিয়ে বাবরী মসজিদ অভিমুখী রাস্তায় ইটের সোলিং করণ (ই-টেন্ডার আইডি-৫৯৭৪৮৫) (প্যাকেজ কোড নং-e-Tender/Khl/Bati/UDF/W1.002) প্রকল্পকাজ সরেজমিনে বাস্তবায়নকালে দেখা যায় প্যাকেজভূক্ত " ইসলামবাঁগ (৬নং ওয়ার্ড) হাফিজ উদ্দিনের বাড়ি হতে আনছার আলীর বাড়ি অভিমুখী রাস্তার"অনুমোদিত চুক্তিমূল্যে কাংখিত দৈর্ঘ্য সম্পন্ন না হয়ে কিছুটা অবশিষ্ট থাকে। অত্র রাস্তার সম্মুখস্থ আরো কিয়দংশ সম্পন্ন করা গেলে কাংখিত দৈর্ঘ্য সম্পন্ন হবে এবং জনগুরুত্ব রক্ষা পাবে। তৎসহ "খুলনা বিশ্ববিদ্যালয়ের সম্মুখস্থ তালুকদার সড়কের শেষাংশে উপজেলা নির্বাচন অফিসারের বাড়ি অভিমুখী রাস্তায় ইটের সোলিং করণ" প্রকল্পের সাথে পার্শ্বস্থ ড্রেন নির্মাণ জরুরী,যা অনুমোদিত চুক্তির প্রাক্কলনে অন্তর্ভূক্ত নেই। প্রয়োজনীয় ড্রেন নির্মাণ করা হলে রাস্তার স্থায়ীত্ব বৃদ্ধি পাবে। অতঃপর তিনি সভায় প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহনের আহবান জানান। | বিধিমত অত্র প্যাকেজের চুক্তিমূল্যের মধ্যে সীমাবদ্ধ থেকে সংশোধিত প্রাক্কলন প্রস্তত পূর্বক নিযুক্ত একই ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে প্রকল্পকাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হ'ল। উপজেলা প্রকৌশলী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | |
| | | তিনি সভায় আরো জানান যে, ২০২১-২২ অর্থবৎসরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স আক্তারুজ্জামান এন্টারপ্রাইজ এর মাধ্যমে বাস্তবায়নাধীন গঙ্গারামপুর ইউনিয়নের (ক) দেবীতলা গ্রামের গুরুদাস মন্ডলের বাড়ি হতে বাদামতলা অভিমুখী রাস্তায় (খ) দেবীতলা গ্রামের সোনা রামের বাড়ির রাস্তায় (গ) দেবীতলা গ্রামের মল্লিকবাড়ি ও সুনীতি বাবুর বাড়ির রাস্তায় (ঘ) ইউনিয়নের তিতুখালী গ্রামের শলুয়া দোয়ানের পাশ হতে মোঃ ইবাদুল ইসলাম এর বাড়ি অভিমুখী রাস্তায় (ঙ) পারশলুয়া গ্রামের ফরিদ টিকাদার এর বাড়ি হতে জাহাঙ্গীর হাওলাদারের বাড়ি অভিমুখী রাস্তায় (চ) গোন্ধামারী গ্রামের পঙ্কজ সরদারের বাড়ি হতে বিল্লাল শেখ এর বাড়ি অভিমুখী রাস্তায় (ছ)গোন্ধামারী ফারুক শেখ এর বাড়ি হতে সমরেশ মন্ডলের বাড়ি অভিমুখী রাস্তায় ইটের সোলিং করণ (ই-টেন্ডার আইডি-৫৯৭৫২৫) (প্যাকেজ কোড নং-e-Tender/ | সিদ্ধান্ত ঃ বিধিমত অত্র প্যাকেজের চুক্তিমূল্যের মধ্যে সীমাবদ্ধ থেকে প্রস্তাবিত প্রকল্প শিরোনামে সুপারিশকৃত প্রকল্প সমূহের প্রয়োজনীয় দফা,দৈর্ঘ্য ও পরিমাণ সম্বলিত Re-cast Eastimate প্রস্তুত পূর্বক নিযুক্ত একই ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে প্রকল্পকাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হ'ল। উপজেলা প্রকৌশলী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | Khl/Bati/UDF/W1.016) প্রকল্পকাজ সরেজমিনে বাস্তবায়নকালে দেখা যায় প্যাকেজভূক্ত " দেবীতলা গ্রামের গুরুদাস মন্ডলের বাড়ি হতে বাদামতলা অভিমুখী রাস্তার"অনুমোদিত চুক্তিমূল্যে কাংখিত দৈর্ঘ্য সম্পন্ন না হয়ে কিছুটা অবশিষ্ট থাকে। অত্র রাস্তার সম্মুখস্থ আরো কিয়দংশ সম্পন্ন করা গেলে কাংখিত দৈর্ঘ্য সম্পন্ন হবে এবং জনগুরুত্ব রক্ষা পাবে। অতঃপর তিনি সভায় প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহনের আহবান জানান।<br><br>গঙ্গারামপুর ইউ.পি চেয়ারম্যান সভায় আরো জানান যে, ২০২১-২২ অর্থবৎসরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় ঠিকাদারী প্রতিষ্ঠাণ মেসার্স সেলিম কনস্ট্রাকশন এর মাধ্যমে বাস্তবায়নাধীন গঙ্গারামপুর ইউনিয়নের (ক) গঙ্গারামপুর গ্রামের সুশান্ত বিশ্বাসের বাড়ি হতে ধর্মদাস মন্ডলের বাড়ি অভিমুখী রাস্তায় (খ) গঙ্গারামপুর গ্রামের পশ্চিমপাড়া ইটের সোলিং রাস্তা হতে নূরমহম্মাদ সর্দারের বাড়ি ও গঙ্গারামপুর বায়তুন নূর জামে মসজিদ অভিমুখী রাস্তায় (গ) গঙ্গারামপুর মুকুল সরকারের বাড়ি হতে দুলাল সরকার এর বাড়ি অভিমুখী রাস্তায় ইটের (ঘ) ডেউয়াতলা গ্রামের পিযুষ সর্দারের বাড়ি অভিমুখী রাস্তা, মহাদেব মন্ডলের বাড়ি অভিমুখী,বিল্লাল শেখ এর বাড়ি অভিমুখী এবং হেড মাষ্টার এর বাড়ি অভিমুখী রাস্তায় (ঙ) কায়েমখোলা হুলা গ্রামের ইটের সোলিং রাস্তা থেকে স্বপন সরকারের বাড়ি অভিমুখে,পরিমল রায়ের বাড়ি হতে ডাঃ সুনীল রায়ের বাড়ি অভিমুখে এবং ললিত বিশ্বাসের বাড়ি অভিমুখী রাস্তায় ইটের করণ (চ) (১) বরণপাড়া শশ্মানের রাস্তায় ইটের সোলিং করণ (২) বরণপাড়া বাইপাস রাস্তা হতে ফেরীঘাট অভিমুখী রাস্তা সংস্কার ও ২ পার্শ্ব প্রশস্থকরণ (ই-টেন্ডার আইডি-৫৯৭৫২৬) (প্যাকেজ কোড নং-e-Tender/ Khl/Bati/UDF/ W1.017) প্রকল্পকাজ সরেজমিনে বাস্তবায়নকালে দেখা যায় প্যাকেজভূক্ত কয়েকটি রাস্তার অনুমোদিত অংশের উন্নয়ন কাজ ইতোমধ্যে ইউনিয়ন পরিষদ কর্তৃক স্থানীয়ভাবে সম্পন্ন হওয়ায় উল্লেখিত অংশে আর কাজ করার প্রয়োজন নেই। তদস্থলে সংশ্লিষ্ট ওয়ার্ডের জনপ্রতিনিধি,স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও সুবিধাভোগী জনগণের পক্ষ থেকে "(ক) গঙ্গারামপুর গ্রামের সুশান্ত বিশ্বাসের বাড়ি হতে ধর্মদাস মন্ডলের বাড়ি অভিমুখী রাস্তায় (খ) গঙ্গারামপুর গ্রামের পশ্চিমপাড়া ইটের সোলিং রাস্তা হতে নূরমহম্মাদ সর্দারের বাড়ি ও গঙ্গারামপুর বায়তুন নূর জামে মসজিদ অভিমুখী রাস্তায় (গ) গঙ্গারামপুর মুকুল সরকারের বাড়ি হতে দুলাল সরকার এর বাড়ি অভিমুখী রাস্তায় ইটের (ঘ) ডেউয়াতলা মেইনরোডের (১) দেবাশীষ মন্ডলের বাড়ি হতে শম্ভুনাথ মন্ডলের বাড়ি অভিমুখে (২) ইন্দ্রজিৎ মন্ডলের বাড়ি অভিমুখে (৩) অরুন সরদারের বাড়ি হতে পিটার সরদারের বাড়ি (৪) বিল্লাল শেখ এর বাড়ি অভিমুখী রাস্তায় (ঙ) (১) কায়েমখোলা গ্রামের হাফিজ উদ্দিন,শফিক শেখ,সেলিম শেখ ও আব্দুল্লাহ শেখ এর বাড়ি অভিমুখী রাস্তায় (২) কায়েমখোলা মেইনরোড হতে আজাদ শেখ বাড়ি অভিমুখী রাস্তায় ইটের করণ (চ) (১) বরণপাড়া শশ্মানের রাস্তায় ইটের সোলিং করণ (২) বরণপাড়া বাইপাস রাস্তা হতে ফেরীঘাট অভিমুখী রাস্তা সংস্কার ও ২ পার্শ্ব প্রশস্থকরণ করণ" শিরোনামে প্রকল্প বাস্তবায়নের সুপারিশ পাওয়া গেছে। সুপারিশকৃত প্রকল্পসমূহ বাস্তবায়িত হলে জনগুরুত্ব রক্ষা পাবে। অতঃপর তিনি সভায় প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহনের আহবান জানান। | | |
| ১৪. | উপ: সহ: প্র: জনস্বাস্থ্য | উপ: সহ: প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপ: সহ: প্র: জনস্বাস্থ্য |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা স [illegible] কর্মক [illegible] |
| ১৬. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সুলতানা শারমীন বলেন, তিনি অত্র উপজেলায় সদস্য যোগদান করেছেন। তিনি সকলের সকলের সাথে একসঙ্গে মিলেমিসে কাজ করার আশাবাদ ব্যক্ত করেন। তার দপ্তরের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | সদ্যযোগদানকৃত উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে সকলের পক্ষ থেকে স্বাগত জানানো হয়। কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৭. | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা প্র:বা: কর্মকর্তা |
| ১৮. | ফরেস্টার সামাজিক বণবিভাগ | ফরেস্টার সামাজিক বণ বিভাগ সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাস্থবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, সামাজিক বনায়ন কর্তক সৃজিত হাটবাটি সৎসঙ্গ পর্যন্ত মেয়াদ উত্তীর্ন ২কি:মি: (সিডরিং) বাগান নিলামে বিক্রয় করে উপকারভোগীদের মাধ্যে লভ্যাংশ বিধি মোতাবেক বিতরন করা প্রয়োজন। | হাটবাটি হতে সৎসঙ্গ পর্যন্ত মেয়াদ উত্তীর্ন ২কি:মি: (সিডরিং) বাগান নিলামে বিক্রয় করে উপকারভোগীদের মাধ্যে লভ্যাংশ বন্টনের বিষয়ে ফরেস্টার,সামাজিক বন বিভাগ ব্যবস্থা নেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্টার সামাজিক বন বিভাগ |
| ১৯ | চেয়ারম্যান, ১নং ইউপি | চেয়ারম্যান ১নং জলমা ইউপি জনাব বিধান রায় বলেন, তিনি নির্বাচিত হওয়ার পর শপথ গ্রহণ ও ইউনিয়ন পরিষদের প্রথম সভা করার পর এটাই তার উপজেলা পরিষদের তার প্রথম সভা। তিনি সকলের সঙ্গে একসাথে মিলেমিসে কাজ করার আশা ব্যক্ত করেন। তার ইউনিয়নের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | ১নং জলমা ইউনিয়নের নব নির্বাচিত চেয়ারম্যান জনাব বিধান রায়কে উপস্থিত সকল সদস্যদের পক্ষ হতে স্বাগত জানানো হয়। কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ১নং ইউপি। |
| ২০ | চেয়ারম্যান, ২নং ইউপি | চেয়ারম্যান ২নং বটিয়াঘাটা ইউপি সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য ২নং ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান ২নং ইউপি। |
| ২১ | চেয়ারম্যান, ৩নং ইউপি | চেয়ারম্যান ৩নং গঙ্গারামপুর ইউপি বলেন, তার ইউনিয়নের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৩নং ইউপি। |
| ২২ | চেয়ারম্যান, ৪নং ইউপি | চেয়ারম্যান ৪নং সুরখালী ইউপি সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য ৪নং সুরখালী ইউনিয়নের চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান ৪নং ইউপি। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩ | চেয়ারম্যান, ৫নং ইউপি | চেয়ারম্যান,৫নং ভান্ডারকোট ইউপি সভায় অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য ৫নং ভান্ডারকোট ইউনিয়নের চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান ৫নং ইউপি। |
| ২৪ | চেয়ারম্যান, ৬নং, ইউপি | চেয়ারম্যান ৬নং বালিয়াডাঙ্গা ইউপি বলেন, তার ইউনিয়নের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৬নং ইউপি। |
| ২৫ | চেয়ারম্যান, ৭নং, ইউপি | ৭নং আমিরপুর ইউ.পি চেয়ারম্যান সভায় জানান যে, তার ইউনিয়নের কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন জাবুসা-নারায়নখালী ব্রীজের অবস্থা খুবই নাজুক যে কোন সময় দূর্ঘটনা ঘটতে পারে। ভারি যানবাহন যাতে চলাচল করতে না পারে তার ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভাকে অনুরোধ করেন। | কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জানানো হয়। | চেয়ারম্যান ৭নং ইউপি। |
| ২৬ | ভাইস চেয়ারম্যান | ভাইস চেয়ারম্যান বলেন, তিনি নিজে, মহিলা ভাইস চেয়ারম্যান ও চেয়ারম্যান মহোদয়কে সরকারি বিভিন্ন সভায় যোগদানের জন্য জেলা প্রশাসক মহোদয়ের দপ্তরসহ জেলা অফিসে যেতে হয়। এছাড়া বর্তমান করোনা পরিস্থিতিকে জনসাধারনকে সচেতন করার জন্য উপজেলার বিভিন্ন ইউনিয়নে গমন করতে হয়। এ জন্য সরকার নির্ধারিত ভ্রমণ ভাতা রয়েছে, তিনি চেয়ারম্যান মহোদয়ের,তার এবং মহিলা ভাইস চেয়ারম্যানের জানুয়ারি,২২ মাসে চেয়ারম্যান মহোদয়ের-১০,৮০০/-,ভাইস চেয়ারম্যানের-৭,৬৫০/-,মহিলা ভাইস চেয়ারম্যানগণের-৭,৭০০/- টাকা ভ্রমণ বিল রাজস্ব তহবিল হতে টাকা এবং ফেব্রুয়ারি, ২২ মাসের সম্ভব্য ভ্রমণ বিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। | সভায় আলোচনান্তে প্রস্তাবিত ভ্রমণ বিবরনী ও বিলের টাকা অনুমোদন করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২৭ | মহিলা ভাইস চেয়ারম্যান | মহিলা ভাইস চেয়ারম্যান বলেন, করোনা ভাইরাস প্রতিরোধে প্রথম পর্যায়ে আমরা যেমন সচেতন ছিলাম এখন দ্বিতীয় পর্যায় শুরু হয়েছে এখনও তেমন সচেতন থাকতে হবে। বাইরে গেলে সকলকে অবশ্যই মাস্ক পরতে হবে। | করোনা ভাইরাস প্রতিরোধে বাইরে গেলে মাস্ক ব্যবহারের ও স্বাস্থ্যবিধি মেনে চলার পরামর্শ দেয়া হয়। | সংশ্লিষ্ট কমিটি। |
| ২৮ | বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার জঙ্গীবাদ, সন্ত্রাসবাদ, ইভ-টিজিং, নারী নির্যাতন, বাল্যবিবাহ ইত্যাদি সামাজিক ব্যধির কুফল সম্পর্কে জনগণকে সচেতন করার জন্য এবং এর কুফল সম্পর্কে ও সরকারি জমি দখল সংক্রান্ত বিষয়ে ইউনিয়ন পরিষদ সভায় আলোচ্যসূচী রাখাসহ সকল মসজিদে জুম্মার নামাজের খুৎবার সময় বয়ান করার ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রতিনিধিদের প্রতি অনুরোধ করেন। তিনি পাবলিক প্লেসে ধুমপান ও রাস্তায় ইট, বালি ও অন্যান্য কিছু না রাখার জন্য এবং খাল ও নদীতে অবৈধ বাঁধ,পাটা না রাখার জন্য সকলকে সচেতন করতে সদস্যদের অনুরোধ করেন। | সকল ইউ,পি চেয়ারম্যান জঙ্গীবাদ, সন্ত্রাসবাদ, ইভ-টিজিং, নারী নির্যাতন, বাল্য বিবাহ ইত্যাদি সামাজিক ব্যাধির কুফল সম্পর্কে এবং সরকারি জমি দখল সংক্রান্ত বিষয়ে আলোচনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | চেয়ারম্যান সকল ইউপি ও সকল সদস্য। |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কার্যক্রম শেষ করেন।

৩০/০২/২০২২

(মোঃ আশরাফুল আলম খান)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বটিয়াঘাটা, খুলনা।

স্মারক নং-০৫.০০.৪৭১২.০০০.০১.০০২.২০- ৮৭ তারিখ ঃ১০ /০২/২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো-

১। জনাব পঞ্চানন বিশ্বাস, এম.পি, মাননীয় হুইপ, মহান জাতীয় সংসদ।
২। যুগ্ম সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। জেলা প্রশাসক, খুলনা ।
৪। উপ-সচিব, রাজনৈতিক শাখা-২, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, বটিয়াঘাটা উপজেলা পরিষদ, খুলনা ।
৬। উপজেলা.....................................অফিসার, বটিয়াঘাটা, খুলনা ।
৭। চেয়ারম্যান,.............................. ইউ.পি, বটিয়াঘাটা, খুলনা ।

১০/০২/২২

(মোঃ মমিনুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
বটিয়াঘাটা, খুলনা ।
**টেলিফোনঃ ০৪০২২-৫৬০০১**
ই-মেইলঃ unobatiaghata@mopa.gov.bd

<u>সভায় উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে)-পরিশিষ্ট-ক</u>

১. জনাব নিতাই গাইন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ।
২. জনাব চঞ্চলা মন্ডল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ।
৩. জনাব বিধান রায়, চেয়ারম্যান ,১নং জলমা, ইউ.পি।
৪. জনাব পল্লব বিশ্বাস রিটু, চেয়ারম্যান, ২নং বটিয়াঘাটা, ইউ.পি।
৫. জনাব আসলাম হালদার, চেয়ারম্যান, ৩ নং গঙ্গারামপুর, ইউ.পি।
৬. জনাব শেখ আসাবুর রহমান, চেয়ারম্যান, ৬নং বালিয়াডাঙ্গা ইউপি।
৭. জনাব জি.এম মিলন, চেয়ারম্যান, ৭নং আমিরপুর ইউনিয়ন।
৮. জনাব ডা : অভিজিৎ মল্লিক, আরএমও, উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তার কার্যালয়।
৯. জনাব , ডা : প্রীতিলতা দাস, ভেটোনারী সার্জন, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়।
১০. জানাব মনিরুল মামুন,সি:উপজেলা সৎস্য কর্মকর্তা
১১. জনাব মো : রবিউল ইসলাম, উপজেলা কৃষি অফিসার।
১২. জনাব আমজাদ হোসেন সরদার,উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ।
১৩. জনাব সেলিনা খাতুন, উপজেলা পঃপঃ কর্মকর্তা।
১৪. জনাব সুলতানা সারমিন, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
১৫. জনাব , জিএম আলমগীর কবির, উপজেলা শিক্ষা অফিসার।
১৬. জনাব মোঃমাসুদুর রহমান, উপ-সহঃ প্রকৌশলী।
১৭. জনাব এমদাদুল হক, উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা ।
১৮. জনাব হাসি রানী রায়, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।
১৯. জনাব মোঃ শফিউর রহমান, ফরেস্টার,সামাজিক বনবিভাগ।
২০. জনাব অমিত সমাদ্দার, সমাজসেবা কর্মকর্তা।
২১. জনাব মোস্তফা কামাল, উপজেলা সমবায় কর্মকর্তা।
২২. জনাব হাসিবুর রহমান উপ ;সহ :প্র : জনস্বাস্থ্য প্রকৌশল।
২৩. জনাব নারায়ন চন্দ্র মন্ডল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার।

# সভা নং - ৩১৬

উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২২ মাসের সভার কার্য বিবরণী
সভাপতি: মো: আশরাফুল আলম খান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বটিয়াঘাটা, খুলনা। তারিখ: ১০/০২/২০২২ খ্রি: বেলা: ১০.০০টায়
সভায় উপস্থিত সদস্যদের নাম ও পদবী স্বাক্ষর

| ক্রমিক | সদস্যদের নাম | পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | জনাব মো: আশরাফুল আলম খান | চেয়ারম্যান, উ: পরি: বটি: খুলনা | | |
| ২ | " মো: মমিনুর রহমান | উ: নির্বাহী অফিসার | | |
| ৩ | " নিতাই গাইন | উ: ভাইস চেয়ারম্যান | | |
| ৪ | " চঞ্চলা মন্ডল | উ: মহিলা ভাইস চেয়ারম্যান | | |
| ৫ | " বিধান রায় | চেয়ারম্যান, ১নং জলমা ইউপি | | |
| ৬ | " পল্লব কুমার বিশ্বাস | চেয়ারম্যান, ২নং বটিয়াঘাটা ইউপি | | |
| ৭ | " মো: আসলাম হাওলাদার | চেয়ারম্যান, ৩নং গঙ্গারামপুর ইউপি | | |
| ৮ | " এস কে জাকির হোসেন | চেয়ারম্যান, ৪নং সুরখালী ইউপি | | |
| ৯ | " ওবায়দুল্লাহ শেখ | চেয়ারম্যান, ৫নং ভান্ডারকোট ইউপি | | |
| ১০ | " শেখ মো: আসাদুর রহমান | চেয়ারম্যান, ৬নং বালিয়াডাঙ্গা ইউপি | | |
| ১১ | " বি এম মিলন | চেয়ারম্যান, ৭নং আমিরপুর ইউপি | | |
| ১২ | " ডা: মো: মিজানুর রহমান | উ: স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা | | Dr. Avijit Mallick (RMO) |
| ১৩ | " সেলিনা খাতুন | উ: পরিবার পরি: কর্মকর্তা | | |
| ১৪ | " রবিউল ইসলাম | উ: কৃষি অফিসার | | মো: রবিউল ইসলাম |
| ১৫ | " মো: মনিরুল মামুন | উ: সিনি: মৎস্য কর্মকর্তা | | |
| ১৬ | " ডা: বঙ্কিম কুমার হালদার | উ: প্রাণিসম্পদ কর্মকর্তা | | ডা: প্রীতিলতা দাস |
| ১৭ | " এমদাদুল হক | উ: প্রকল্প বাস্ত: কর্মকর্তা | | |
| ১৮ | " অমিত সমাদ্দার | উ: সমাজসেবা অফিসার | | আনিসুজ্জামান খান |
| ১৯ | " জিএম আলমগীর কবির | উ: শিক্ষা অফিসার | | |
| ২০ | " হাসি রানী রায় | উ: মহিলা বিষয়ক কর্মকর্তা | | |
| ২১ | " আমজাদ হোসেন সরদার | উ: যুব উন্নয়ন কর্মকর্তা | | |
| ২২ | " প্রসেনজিৎ চক্রবর্তী | উ: প্রকৌশলী | | মো: মাহাবুর রহমান |
| ২৩ | " মো: হাসিবুর রহমান | উ: সহ: জনস্বাস্থ্য প্রকৌশলী | | |
| ২৪ | " মো: মোস্তফা কামাল | উ: সমবায় অফিসার | | |
| ২৫ | " শফিউর রহমান | উ: হিসাবরক্ষণ | | |
| ২৬ | " সুলতানা নাছরীন | উ: পল্লী উন্নয়ন অফিসার | | |